০৪/০৭/২০২২ খ্রিঃ তারিখ জেলা প্রাণিসম্পদ অফিসার খুলনা এঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ডাঃ অরুণ কান্তি মন্ডল
জেলা প্রাণিসম্পদ অফিসার, খুলনা।

স্থান : জেলা প্রাণিসম্পদ অফিসার, খুলনা এঁর সম্মেলন কক্ষ

তারিখ : ০৪ জুলাই ২০২২ খ্রিঃ

সময় : সকাল ১০.৩০ টা

উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দের নামের তালিকা -পরিশিষ্ট-"ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেণ। শুরুতে গত ১৯/০৫/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। অতঃপর সভার কার্যসূচী মোতাবেক ধারবাহিক ভাবে বিষয় ভিত্তিক আলোচনা পর্ব শুরু হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ঈদু-উল আযহা উপলক্ষে কোরবানিযোগ্য পশুর হাটে মোবাইল ভেটেরিনারি মেডিকেল টিম গঠন সংক্রন্ত। | আসন্ন ঈদু-উল আযহা উপলক্ষে জেলার প্রতিটি উপজেলায় কোরবানিযোগ্য পশু ক্রয় ও বিক্রয়ের জন্য প্রশাসনের বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয় করে পরিবহন ও বিক্রয় সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যবস্থা করার নির্দেশনা দেন। অনলাইনে পশু বিক্রয়ের জন্য ওয়েব সাইটে তথ্য আপলোড করা ও তথ্য আপডেট করা। প্রতিটি হাটে আগত পশুর চিকিৎসার জন্য ভেটেরিনারি মেডিকেল টিম গঠন ও যথাযথভাবে দায়িত্ব ও কর্তব্য পালন করা। কোরবানির দিন জবাইকৃত পশুর তথ্য ও চামড়া সংরক্ষনে কশাই প্রশিক্ষণ দেওয়া এবং বর্জ ব্যবস্থাপনায় পরিবেশ সংরক্ষনের দিকে খেয়াল রাখা। | ক) অনলাইনে তথ্য আপলোড করা।<br><br>খ) কশাই ও ইমাম প্রশিক্ষণ।<br><br>গ) পশুর হাটে ভেটেরিনারি মেডিকেল টিম গঠন।<br><br>ঘ) চামড়া সংরক্ষন এবং বর্জ ব্যবস্থাপনার জন্য অন্য দপ্তরের সাথে সমন্বয় করা। | সংশ্লিষ্ট সকল ইউএলও/ ভিএস মেট্রো |
| ২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা'র আওতায় সভা সংক্রান্ত | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা'র আওতায় শুদ্ধাচার বিষয়টি জোরদার প্রসংগে ব্যাপক আলোচনা হয়। সভাপতি এপিএ বাস্তবায়নে সকল দপ্তকে চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা মোতাবেক ০৫টি বিষয়ের উপর সভা করার নির্দেশনা প্রদান করেণ। বিষয়টির উপর গুরুত্বারোপ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেণ। এ সংক্রান্তে তিনি আরও বলেন সভার নোটিশ, তারিখ সম্বলিত ব্যানার এবং কার্যবিবরণী প্রস্তুত - এ বিষয়গুলির প্রতি অগ্রাধীকার দিয়ে কাজ করতে হবে।তিনি সকলকে স্মরণ করিয়ে দিয়ে আরও বলেন,অফিসের ভিতর এবং বাইরে সর্বদা পরিষ্কার পরিছন্নতা এবং অফিস শৌচাগারে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।এপিএ সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পন্ন/বাস্তবায়ন করার সংগে বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) এর নম্বর প্রাপ্তির যোগসূত্র রয়েছে। সুতরাং বিষয়টি সকলকে গুরুত্ব দিয়ে দেখতে হবে। | ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা'র আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী সভা করতে হবে। এবং এপিএ বাস্তবায়ন সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সুচারুরূপে সম্পাদন করতে হবে।<br><br>খ) অফিস ও ব্যাক্তিগত পরিছন্নতা নিশ্চিত করা। | সংশ্লিষ্ট সকল ইউএলও |

চলমান পৃষ্ঠা-২

০২/০৮/২২

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসাপাতালে আগত সেবা গ্রহীতাদের প্রত্যাশিত সেবা প্রদান সংক্রান্ত | সভাপতি বলেন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসাপাতালে আগত সেবা গ্রহীতাগণের সংগে শুদ্ধ আচরণের মাধ্যমে সম্ভবমত তাদের প্রত্যাশিত সেবা প্রদান করতে হবে। | ১। ভেটেরিনারি হাসপাতালে আগত সেবা গ্রহীতাদের সংগে সুন্দর আচরণের মাধ্যমে আন্তরিকতার সংগে সেবা প্রদান করতে হবে। <br> ২। ভেটেরিনারি হাসপাতালে আগত সেবা গহীতাদের নিকট থেকে সেবা প্রদানের বিনিময়ে কোনরূপ আর্থিক বা অন্য কোন সুবিধা গ্রহন করা যাবেনা। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ৪ | গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা প্রয়োগ, ঘাষচাষ এবং মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যমাত্রা অর্জন | সভাপতি বলেন,গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা প্রয়োগ, ঘাসচাষ এবং মোবাইল কোর্ট পরিচালনায় লক্ষ্যমাত্রা শুরুতেই সঠিক অর্জনে লক্ষ্য রাখতে হবে। ঘাসচাষ খুবই জরুরি পাকচং,নেপিয়ার,পারাসহ ০৫টি প্লটের ব্যবস্থা করতে হবে।চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা যাতে অর্জিত হয় সে অনুযায়ী কাজ করার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেণ এবং তিনি আরও বলেন | ক)চলতি অর্থবছরের গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা প্রয়োগ, ঘাসচাষ এবং মোবাইল কোর্ট পরিচালনায় লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথভাবে কাজ করতে হবে। <br> খ) প্রত্যেক কার্যক্রমের সাইনবোর্ড থাকতে হবে। | সংশ্লিষ্ট সকল ইউএলও/ ভিএস মেট্রো |
| ৫ | প্রত্যেক উপজেলা/ মেট্রো দপ্তরে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠিত হওয়া সংক্রান্ত | সভাপতি বলেন. উপজেলা পর্যায়ের দপ্তর সমূহে নিয়মিত আনুষ্ঠানিক মাসিক সভা করতে হবে। নির্ধারিত সময়ে সকল উপজেলায় নিয়মিত মাসিক মিটিং (০১-১০) তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। উপজেলায় সমন্বয় সভায় অবশ্যই উপজেলা কর্মকর্তা নিজে উপস্থিত থাকবেন।আলোচনার আরো বলেন সকল উপজেলায় মাঠপর্যায়ে ট্যাবের ব্যবহার নিশ্চিত করতে হবে। অফিস প্রধান সবাইকে নিয়ে মাসিক মিটিং করবেন।জেলার উপজেলা সমূহের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত পরিদর্শনে গিয়ে অভিজ্ঞতা হয়েছে একেবারে প্রান্তিক পর্যায়ের মানুষও উন্নত জাতের গাভী পালন করছে। বিভিন্ন প্রকল্পের কার্যক্রম জোরদার করনের জন্য গবাদি-পশুর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে।একই সংগে যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল এখনও হালনাগাদ করা হয়নি চলতি মাসের মধ্যেই তাদেরকে হালনাগাদ করণের জন্য বলেন। | ক) মাঠপর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। <br> খ) সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। <br> গ) নির্ধারিত সময়ে সকল উপজেলায় নিয়মিত মাসিক মিটিং (০১-১০) তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। <br> ঘ) মাঠপর্যায়ে ট্যাবের ব্যবহার নিশ্চিত করতে হবে। <br> ঙ) বিভিন্ন প্রকল্পের কার্যক্রম জোরদার করনের জন্য গবাদি-পশুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। <br> চ) উৎপাদনশীলতা বাড়াতে খামারিদের উদ্বুদ্ধ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৬ | খামার নিবন্ধন এবং ফিডবিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শন | বিভিন্ন উপজেলায় এখনও অনেক অনিবন্ধিত গবাদিপশু ও হাঁস-মুরগির খামার রয়েছে সেগুলি নিবন্ধেনের ব্যবস্থা গ্রহন করতে হবে। ফিড বিক্রয়কারী প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শন ও নজরদারী জোরদার করতে হবে। | ক) অনিবন্ধিত গবাদিপশু ও হাঁস-মুরগির খামার নিবন্ধনের ব্যবস্থা গ্রহন করতে হবে। <br> খ) গবাদিপশু ও হাঁস-মুরগির ফিড বিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শন ও নজরদারী অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৭ | APA কার্যক্রম বাস্তবায়ন | সভাপতি বলেন, এপিএ কার্যক্রমের সকল রেজিস্টার হালনাগাদ করতে হবে। আমাদের দায়িত্ব এবং নীতি নৈতিকতা বোধ থেকেই এপিএ লক্ষ্যমাত্রা অর্জন তথা বাস্তবায়নে সকলকে সক্রিয়ভাবে আন্তরিকতার সাথে কাজ করা প্রয়োজন। | ক) এপিএ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে সকলকে অন্তরিকতার সাথে সক্রিয়ভাবে কাজ করতে হবে। | সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সহকর্মীগণ |

চলমান পৃষ্ঠা-৩

০১/০৬/২২

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৮ | শূন্যপদ পূরণ সংক্রান্ত | উপস্থিত কর্মকর্তাগণ বলেন বাস্তব করণে যে পরিমাণ জনবল প্রয়োজন। প্রতিটি দপ্তরে সে তুলনায় অনেক কম রয়েছে। অবসরজনিত কারণে এ সংখ্যা দিন দিন কমছে। বর্তমানে খুলনা জেলায় কিছু দপ্তরে কর্মকর্তার পদ একেবারেই শূন্য অবস্থায় আছে। আর মাঠ পর্যায়ের কর্মকর্তা (এসএএলও) এক বা দুইজন আছে। এ অবস্থায় সার্বিক কার্যক্রম পরিচালনা করা সত্যিই দূরুহ হয়ে পড়েছে। সত্তর এ অবস্থার উত্তোরণ ঘটা দরকার। এ বিষয়ে সভাপতি বলেন জনবল যা আছে এর মধ্যেই কাজ চালিয়ে যেতে হবে। তবে বিষটি সম্বন্ধে কর্তৃপক্ষের সদয় দৃষ্টিতে আকর্ষণ করা যেতে পারে। | শূন্যপদ সমূহ পূরণে মহাপরিচালক মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করা যেতে পারে। | জেলা প্রাণিসম্পদ অফিসার, খুলনা। |
| ৯ | কৃত্রিম প্রজনন কার্যক্রম | উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খুলনা বলেন, রাজস্বখাত সহ সকল কৃত্রিম প্রজননকারীগণের খাতা নিয়মিত পরীক্ষা করার জন্য সকল ইউএলওগণের প্রতি আহবান জানান। এআই কাজ করে খামারীগণের নিকট অনেক বেশী টাকা দাবী করা হয়ে থাকে বিষয়টি অত্যন্ত দুঃখজনক। প্রতি ১০০টি গাভীর মধ্যে কমপক্ষে ২৪টির গর্ভপরীক্ষার নিয়ম থাকলেও অধিকাংশ ক্ষেত্রেই তা প্রতিপালিত হচ্ছেনা মর্মে- উপপরিচালক মহোদয় জানান। বিষয়টির প্রতি খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রতি উপপরিচালক আহবান জানান। | উপজেলা প্রাণিসম্পদ অফিসারগণ এআই কর্মীগণের প্রতি খেয়াল রাখবেন যেন, এআই কাজ করে অস্বাভাবিক কোন টাকা গ্রহন না করেণ এবং একই সংগে নিয়মিতভাবে তাদের খাতা পরীক্ষা করেণ। | সকল দপ্তর প্রধান |
| ১০ | চলমান কার্যক্রমের হালনাগাদ তথ্য প্রদান সংক্রন্ত। | সভাপতি বলেন, যে সকল উপজেলায় Bahis এর ট্রেনিং প্রাপ্ত কর্মকর্তা রয়েছনে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে Bahis প্রতিবেদন যথাযথভাবে প্রেরন নিশ্চিত করতে হবে। এ ছাড়াও প্রতি মাসের রিটার্ণ রিপোর্ট নির্ভুল ও সঠিক সময়ে প্রেরন করার কথা বলেন। | ক) Bahis প্রতিবেদন যথাযথভাবে প্রেরন করতে হবে।<br>খ) মাসিক রিপোর্ট নির্ভুলভাবে প্রেরন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ১১ | কার্যক্রমের প্রচারনা | সভাপতি বলেন, যে সকল সেবা খামারি পর্যায়ে দেয়া হয় সেগুলোর যথাযথ প্রচারনা কোন উপজেলাতে করা হয় না।প্রত্যেক কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমের বর্ণনা সম্বলিত আলাদা সাইন বোর্ড প্রস্তুত করতে হবে। | ক) স্ব-স্ব উপজেলায় প্রাণিসম্পদ দপ্তরে কার্যক্রম ভিত্তিক সাইনবোর্ডের ব্যবস্থা করতে হবে। | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/৮/২২

(ডাঃ অরুণ কান্তি মন্ডল)
জেলা প্রাণিসম্পদ অফিসার
খুলনা।
E-mail: dlokhulnadis@gmail.com
ফোন: ০২-৪৭৭৭২১৭৫৫

০২/০৮/২২

চলমান পৃষ্ঠা-৪

স্মারক নং-৩৩.০১.৪৭০০.০০০.০৬.০০১.২২- ৬৪০(১৭) তারিখ : ১৮ শ্রাবণ ১৪২৯ / ০২ আগষ্ট ২০২২

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১। ভেটেরিনারি সার্জন, মেট্রো প্রাণিসম্পদ দপ্তর, খুলনা।
২-১০। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ....................., খুলনা।
১১। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খুলনা।
১২। উপপরিচালক, আঞ্চলিক হাঁস প্রজনন খামার, খুলনা।
১৩। ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, খুলনা।
১৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
১৫। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৬। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৭। অফিস কপি।

২/৮/২২

(ডাঃ অরুণ কান্তি মন্ডল)
জেলা প্রাণিসম্পদ অফিসার
খুলনা।
E-mail: dlokhulnadls@gmail.com
ফোন : ০২-৪৭৭৭২১৭৫৫

০২/৮/২২

"পরিশিষ্ট-ক"

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | উপস্থিত কর্মকর্তার নাম | পদবী ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ডাঃ সুষেন হালদার | উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খুলনা | |
| ২ | ডাঃ এসএম আইয়ুব আলী | ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, খুলনা | |
| ৩ | রণজীতা চক্রবর্তী | অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা | |
| ৪ | ডাঃ বঙ্কিম কুমার হালদার | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বটিয়াঘাটা, খুলনা | |
| ৫ | ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাইকগাছা, খুলনা | |
| ৬ | ডাঃ কাজী মোস্তাইন বিল্লাহ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা | |
| ৭ | ডাঃ প্রদীপ কুমার মজুমদার | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রূপসা, খুলনা | |
| ৮ | ডাঃ মোঃ তৌহিদুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ফুলতলা, খুলনা | |
| ৯ | ডাঃ মোঃ ফজলুল করিম | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা | |
| ১০ | ডাঃ মাহমুদা সুলতানা | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ডুমুরিয়া ,খুলনা | |
| ১১ | ডাঃ প্রীতিলতা দাস | ভেটেরিনারি সার্জন ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার (ভাঃপ্রাঃ), বটিয়াঘাটা খুলনা | |
| ১২ | ডাঃ শামছুল আরফিন | ভেটেরিনারি সার্জন, মেট্রো প্রাণিসম্পদ দপ্তর, খুলনা | |
| ১৩ | শেখ আল মামুন | পিডিও,আঞ্চলিক হাঁস প্রজনন খামার দৌলতপুর,খুলনা | |
| ১৪ | এস,এম বোরহান উদ্দিন | এসএএলও,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর দাকোপ, খুলনা | |
| ১৫ | প্রফুল্ল কুমার বিশ্বাস | অফিস সহকারী, উপজেলা প্রাণিসম্পদ, তেরখাদা, খুলনা | |
| ১৬ | মোঃ মাহাবুবুর রহমান | অফিস সহকারী, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ফুলতলা, খুলনা | |
| ১৭ | শেখ আবুল বাসার | অফিস সহকারী, উপজেলা প্রাণিসম্পদ, রূপসা, খুলনা | |
| ১৮ | প্রফুল্ল কুমার মালাকার | এলইও, এলডিডিপি উপজেলা প্রাণিসম্পদ, তেরখাদা, খুলনা | |
| ১৯ | শামিম আরা হক | এলইও, এলডিডিপি উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, দাকোপ, খুলনা | |
| ২০ | ডাঃ সুমাইয়া ইসলাম | এলইও, এলডিডিপি,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ফুলতলা, খুলনা | |
| ২১ | মৃন্ময়ী সরকার | এলইও, এলডিডিপি,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বটিয়াঘাটা, খুলনা | |
| ২২ | ডাঃ দেবব্রত কুমার স্বর | এলইও, এলডিডিপি,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, পাইকগাছা, খুলনা | |
| ২৩ | এস,এম নাজমুল আলম | অফিস সহকারী, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ডুমুরিয়া,খুলনা | |
| ২৪ | মোঃ তরিকুল ইসলাম | এসএএলও,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, পাইকগাছা, খুলনা | |
| ২৫ | শেখ আরিফুল ইসলাম | অফিস সহকারী, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, দিঘলিয়া, খুলনা | |
| ২৬ | সিফাত হোসাইন জয়া | এলইও, এনএটিপি,উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বটিয়াঘাটা, খুলনা | |
| ২৭ | নয়ন মন্ডল | এলইও, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কয়রা, খুলনা | |
| ২৮ | জি এম রফিকুল ইসলাম | অফিস সহকারী, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কয়রা, খুলনা | |
| ২৯ | মোঃ আব্দুল জলিল | এসএএলও, প্রেষণে- জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা | |
| ৩০ | অপূর্ব কুমার ঘোষাল | প্রধান সহকারী, প্রেষণে- জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা | |
| ৩১ | যুথিকা হীরা | প্রধান সহকারী, জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা | |